APN এর সদস্য

APN এর সদস্য দেশ হলো ২১ যথা ঃ

অস্ট্রেলিয়া, বাংলাদেশ, কম্বোডিয়া, চীন, ফিজি, ভারত, ইন্দোনেশিয়া, জাপান, লাওস, মালয়েশিয়া, মঙ্গোলিয়া, নেপাল, নিউজিল্যান্ড, পাকিস্তান, ফিলিপাইন, কোরিয়া, রাশিয়া, ফেডারেশন, শ্রীলংকা, থাইল্যান্ড, আমেরিকা ও ভিয়েতনাম।

কিভাবে APN গঠিত

IGM এবং SPG গ্রুপের যৌথ বার্ষিক সভায় APN গঠিত হয়। IGM হলো APN এর প্রধান নীতি নির্ধারক বিষয়ক Body যা পরবর্তী বছরের কাজের কর্মসূচী ও বাজেট অনুমোদন করে। তাছাড়া SPG কর্তৃক সুপারিশকৃত গবেষণা ও অন্যান্য সংশ্লিষ্ট কর্মসূচীর অর্থায়ন বিষয়ে অনুমোদন দেয়। পরিচালনা পর্ষদ ও APN সচিবালয় IGM ও SPG কে সহযোগিতা দিয়ে থাকে। APN গবেষণা কর্মসূচীতে অর্থায়ন করে থাকে যা প্রতি বছর আঞ্চলিক গবেষণা ও দক্ষতা উন্নয়ন কর্মসূচীর (ARCP এবং CAPaBLE) জন্য উন্মুক্ত প্রচার বা আহবানের সুবাদে পাওয়া যায়।

APN এর আওতাধীন বিষয়সমূহের উপর গবেষণা ও দক্ষতা উন্নয়ন কর্মকান্ডের জন্য ২০০৬/২০০৭ অর্থ বছরে ৩৩টি প্রকল্পের জন্য অর্থায়ন করেছে। তন্মধ্যে ৩টি হলো কমপ্রিহ্যানসিভ রিসার্চ প্রজেক্টস (CRP) ১৫টি হলো প্রকল্প ক্যাপাসিটি বিল্ডিং প্রজেক্ট (CBP) এবং ১৫টি হলো আঞ্চলিক উন্মুক্ত আহবানের (ARCP) মাধ্যমে প্রাপ্ত।

APN স্পন্সরস

১। পরিবেশ ও বন মন্ত্রণালয়, জাপান
২. Hyogo প্রিফেকচারাল গভর্ণমেন্ট, জাপান
৩. ন্যাশনাল সায়েন্স ফাউন্ডেশন, যুক্তরাষ্ট্র
৪. ইউ এস জলবায়ু সংক্রান্ত বিজ্ঞান কর্মসূচী
৫. পরিবেশ মন্ত্রণালয়, রিপাবলিক অব কোরিয়া
৬. পরিবেশ মন্ত্রণালয়, নিউজিল্যান্ড
৭. অস্ট্রেলিয়া সরকার, অস্ট্রেলিয়া গ্রীনহাউজ অফিস

উল্লেখিত উদ্যোক্তাগণ APN কে সরাসরি আর্থিক সহায়তা প্রদান করে থাকে। তাছাড়া অনেক APN সদস্য দেশ নগদ অর্থায়নের পরিবর্তে কর্মশালা ও সেমিনারের আয়োজন করছে এবং বৈজ্ঞানিক ও ব্যবস্থাপনা বিষয়ক দক্ষতা উন্নয়নে জ্ঞানের আদান প্রদানে ভূমিকা রাখছে।

কিভাবে APN এর সঙ্গে যোগাযোগ করতে হবে

যদি কোন ব্যক্তি APN এর সঙ্গে ঘনিষ্ঠ যোগসূত্র স্থাপন করতে চায় অথবা APN এর কার্যাবলী বিষয়ে প্রয়োজনীয় তথ্যাদি পেতে চায়, তাহলে তাকে নিম্ন ঠিকানায় APN সচিবালয় এর সঙ্গে যোগাযোগ করতে হবে।

APN Secretariat

IHD Centre Building, 5th Floor
1-5-1 Wakinohama Kaigan Dori
Chuo-Ku, Kobe 651-0073, Japan
Tel : +81-78-230-8017
Fax : +81-78-230-8018
E-mail : info@apn-gcr.org
Website : www.apn-gcr.org

এপিএন

APN

Asia-Pacific Network for Global Change Research

এশিয়া প্যাসিফিক নেটওয়ার্ক ফর গ্লোবাল চেঞ্জ রিসার্চ

Asia-Pacific Network for Global Change Research

APN কি এবং APN এর প্রয়োজনীয়তা কেন

ভূপৃষ্ঠের পরিবর্তন এশিয়া-প্রশান্ত অঞ্চলস্থিত দেশসমূহ যেখানে পৃথিবীর অর্ধেকের বেশি লোক বাস করে, সেখানকার সমাজ এবং অর্থনীতিকে প্রভাবিত করছে। ইহা অনুধাবন করত ঃ ১৯৯৬ সনে "দি এশিয়া প্যাসিফিক নেটওয়ার্ক ফর গ্লোবাল চেঞ্জ রিসার্চ" (APN) স্থাপিত হয়। এটি এশিয়া প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলস্থিত দেশসমূহকে গবেষণায় সম্পৃক্ত করছে এবং বিজ্ঞানী ও পরিকল্পনাবিদ্দের পারস্পরিক যোগাযোগের পথকে সুগম করছে। এজন্য APN এর ব্যাখ্যামতে গ্লোবাল চেঞ্জ রিসার্চ হবে ভূমন্ডলে পরিবর্তনের বিষয়ে (প্রাকৃতিক ও মানবসৃষ্ট পরিবর্তনের কারণে পৃথিবীর জীব ও প্রাকৃতিক দৃষ্টিকোন থেকে একত্রিত করলে দেখা যাবে যে, তা ভৌগলিক মাপকাঠিতে অনেক গুরুত্ববহ) একটি গুরুত্বপূর্ণ গবেষণা যার প্রভাব পড়বে এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের সহনশীল উন্নয়নের উপর।

APN এর দর্শন

চলমান গবেষণা ও পর্যবেক্ষণে পৃথিবীর পরিবর্তনের কিছু নূতন দিক এবং এর প্রভাব পরিলক্ষিত হয়েছে এবং একই সঙ্গে বেশ কিছু চ্যালেঞ্জিং বৈজ্ঞানিক ইস্যুও উন্মোচিত হয়েছে।

APN এ সমস্ত নতুন সমস্যা চিহ্নিত করতে সচেষ্ট রয়েছে এবং উক্ত সমস্যাসমূহ সমাধানকল্পে অঞ্চলভিত্তিক সহযোগিতার উপর গবেষণাকে উৎসাহিত করছে। APN এর সহযোগিতায় গবেষণায় অর্জিত ফলাফল বিভিন্ন সমস্যা মোকাবেলা এবং সুন্দর ও বিজ্ঞান ভিত্তিক নীতি প্রণয়নে গুরুত্বপূর্ণ ভূমিকা পালনে সহায়ক হয়েছে।

APN এর প্রয়াস হলো এ অঞ্চলের উন্নয়নশীল দেশসমূহের মধ্যে পারস্পরিক সহযোগিতামূলক গবেষণায় সক্রিয়ভাবে অংশগ্রহণে উদ্বুদ্ধকরণ। এতে এ অঞ্চলের উন্নয়নশীল দেশসমূহ মূলত: উপকৃত হবে। APN পৃথিবীর বিভিন্ন অঞ্চলের মধ্যে পারস্পরিক সহযোগিতার গুরুত্ব অনুধাবন করেছে। আশার কথা যে, APN এর পৃষ্ঠপোষকতায় এ অঞ্চলের গবেষণা অন্য অঞ্চলের গবেষণার সাথে সেতুবন্ধন তৈরী হবে যেন এশিয়া-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলের দেশসমূহ বিশ্বব্যাপী কর্মসূচীতে অংশগ্রহণ করতে পারে।

APN এর উদ্দেশ্য

(ক) পৃথিবীর ভৌগলিক পরিবর্তন সংক্রান্ত গবেষণায় আঞ্চলিক সহযোগিতা করা যেখানে এ অঞ্চলের সমস্যাসমূহ প্রাধান্য পাবে।

(খ) বিজ্ঞানী ও নীতি নির্ধারকদের মধ্যে সমন্বয় জোরদার করণ এবং নীতি প্রণয়নে বিজ্ঞানভিত্তিক উপাত্ত সরবরাহ ও জনসাধরণকে বিজ্ঞান বিষয়ে জ্ঞান সরবরাহ করা।

(গ) অঞ্চলের জাতিসমূহের বিজ্ঞান ও কারিগরী বিষয়ে দক্ষতা বৃদ্ধিকরণ।

(ঘ) অন্যান্য গ্লোবাল চেঞ্জ নেটওয়ার্কস এবং প্রতিষ্ঠানের সাথে সহযোগিতা বৃদ্ধি করা।

(ঙ) বিজ্ঞান ভিত্তিক অবকাঠামো উন্নয়নে সহযোগিতা করা এবং লব্ধ ধারণা ও কারিগরি জ্ঞানের সম্প্রসারণ।

APN এর বিজ্ঞান ভিত্তিক এজেন্ডা

ভূপৃষ্ঠের পরিবর্তনের চলমান ধারায় APN ভৌত ও কারিগরী সহযোগিতায় ব্যাপৃত। এর নিবিষ্টতার উল্লেখযোগ্য বিষয়গুলো হলো নিম্নরূপ ঃ

১। আবহাওয়া।

২। পরিবেশ জীব বৈচিত্র্য এবং জমির ব্যবহার।

৩। আবহাওয়া, ভূপৃষ্ঠ ও সামুদ্রিক ক্ষেত্রে পরিবর্তনসমূহ।

৪। সম্পদের ব্যবহার (যেমন, খাদ্য, পানি, শক্তি, দ্রব্যাদি) এবং এর স্থায়ী ভিত্তিক উন্নয়নের পথসমূহ।

৫। জাতিগত বিষয় সম্পর্ক, সমস্যা ও বিজ্ঞান নীতির যোগসূত্র।

APN এর প্রোগ্রাম বা কর্মসূচী

APN এর উদ্দেশ্য ও বিষয়ের সঙ্গে সামঞ্জস্যপূর্ণ কর্মকান্ডকে নিম্নোক্ত কর্মসূচীর মাধ্যমে সহযোগিতা প্রদান করাই হলো APN এর কর্মসূচী।

ARCP কর্মসূচী

APN এর প্রোগ্রাম কর্মসূচীর অংশ হিসেবে প্রতি বছর এ অঞ্চলের জন্য গবেষণা প্রস্তাব আহবান করা হয়। এটি ARCP (Annual Regional Call for Proposals) নামে অভিহিত। এ প্রোগ্রামের বিশেষ বিশেষ ক্ষেত্রসমূহ হলোঃ সংযোগ সাধন এবং বর্তমান গবেষণার বিশ্লেষন, গুরুত্বপূর্ণ বিষয়সমূহ যেখানে জ্ঞানের ঘাটতি বা কমতি রয়েছে সেখানে নতুনভাবে গবেষণা, গবেষণা পরিকল্পনা/কর্মপরিধি প্রণয়ন, নীতি বিষয়ক উন্নয়ন যেমন সমন্বিত মূল্যায়ন, প্রতিফলনের প্রভাব, আবহাওয়ার মডেল বা রূপ ইত্যাদি প্রস্তুত করা।

CAPaBLE কর্মসূচী

CAPaBLE হলো কর্মসূচী উন্নয়নশীল দেশসমূহের গবেষণার দক্ষতা বৃদ্ধিতে সহযোগিতা করা। এতে গ্লোবাল চেঞ্জ এর প্রধান দিক নিয়ে স্থায়ী উন্নয়নের বিষয়ে সঠিক সিদ্ধান্ত গ্রহণে সহায়ক বিজ্ঞান বিষয়ক জ্ঞান বৃদ্ধি, বিজ্ঞান নীতি বিষয়ক সংযোগ স্থাপন, মানুষের মধ্যে জ্ঞানের আগ্রহ সৃষ্টি এবং সম্প্রসারণ বিষয়ক কার্যাবলী প্রচারের উপর জোর দেয়া হয়েছে।